

তারিখ: ১১/০৫/২০২৬ খ্রি.

২০২৫ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৫ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষার ফরম পূরণ করতে ইচ্ছুক পরীক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট: <http://ems.nu.ac.bd> অথবা www.nu.ac.bd/online-form-fill-up.php প্রবেশ করে রেজিস্ট্রেশন নম্বর ও চাহিত তথ্যাদি এন্ট্রি দিয়ে Application Form ডাউনলোড করার জন্য নির্দেশ দেয়া গেল।

১। অনলাইনে আবেদন ফরম পূরণ/সংগ্রহ করার সময়সীমা: ১৪/০৫/২০২৬ হতে ১০/০৬/২০২৬ খ্রি.

২। স্ব-স্ব বিভাগে নিম্নোক্ত কাগজপত্র জমাদান:

(ক) নিয়মিত/অনিয়মিত (পূর্বে ফরম পূরণ করেনি) ক্ষেত্রে- আবেদন ফরম ও Payslip : ০১/০৬/২০২৬ হতে ০৪/০৬/২০২৬ খ্রি.

(খ) অকৃতকার্য/গ্রেডউন্নয়ন ক্ষেত্রে- আবেদন ফরম ও নির্ধারিত ফি (ম্যানুয়েলি) : ০৭/০৬/২০২৬ হতে ০৯/০৬/২০২৬ খ্রি.

২। নিয়মিত/অনিয়মিত (পূর্বে ফরম পূরণ করেনি) ক্ষেত্রে- ১৪/০৫/২০২৫ হতে ১০/০৬/২০২৫ খ্রি. তারিখের মধ্যে নিম্নোক্ত User Name এবং Password ব্যবহার করে ওয়েবসাইট: <https://rangamaticollege.eshiksaems.com> -এ Login করতে হবে।

User Name: rangamatistudent এবং Password: rangamatistudent

(ক) Education Management System এর Pay through Sonali Pay অপশনে গিয়ে Session -এ 2024-2025, Class Roll/Admission Roll -এ নিয়মিত পরীক্ষার্থীর ক্ষেত্রে রেজিস্ট্রেশন নম্বর এন্ট্রি দিয়ে Connect Sonali Pay ক্লিক করতে হবে।

(খ) শিক্ষার্থী Sonali Payment Gateway ব্যবহার করে যেকোনো মাধ্যমে নির্ধারিত ফি পরিশোধ প্রক্রিয়া সম্পন্ন করতে পারবে।

(গ) শিক্ষার্থীকে Receipts Print ক্লিক করার পর Registration No এন্ট্রি দিয়ে Payslip ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে।

৪। অংশগ্রহণের যোগ্যতা:

(ক) নিয়মিত: ২০২৪-২৫ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীরা ২০২৫ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

(খ) অনিয়মিত: ২০২১-২০২২, ২০২২-২০২৩ ও ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Not Promoted হয়েছে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা এ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে। Not Promoted পরীক্ষার্থীকে পূর্ববর্তী বছরের পাসকৃত কোর্সে পরীক্ষা দিতে হবে না।

(গ) গ্রেড উন্নয়ন: ২০২৪ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় প্রথম বারের মতো অংশগ্রহণ করে যে সকল শিক্ষার্থী ২য় বর্ষে Promoted হয়েছে, তারা শুধুমাত্র "C" বা "D" গ্রেডপ্রাপ্ত সর্বোচ্চ ২টি কোর্সে অংশগ্রহণ করতে পারবে। ২০১৮-২০১৯, ২০১৯-২০২০, ২০২০-২০২১, ২০২১-২০২২, ২০২২-২০২৩ ও ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে "F" গ্রেড পেয়েছে তারা শুধুমাত্র "F" গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষা দিতে পারবে। ২০২৪ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে C. Promoted প্রাপ্ত পরীক্ষার্থীদেরকে ২০২৫ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অবশ্যই অনুপস্থিত পত্রে অংশগ্রহণ করতে হবে। উল্লেখ্য যে, ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের এক বা একাধিক কোর্সে "F" গ্রেড প্রাপ্তদের ৫,০০০/- ফি প্রদান সাপেক্ষে ফরম পূরণ করতে পারবে। এ ক্ষেত্রে রেজিস্ট্রেশন নবায়নের প্রয়োজন হবে না।

৫। ফি বিবরণী:

বিষয়ের নাম	নিয়মিত	অনিয়মিত	অকৃতকার্য	গ্রেড উন্নয়ন
বাংলা/ইংরেজি/ইতিহাস/ইসঃ ইতিহাস/দর্শন/রাষ্ট্রবিজ্ঞান/অর্থনীতি (৭ পত্রবিশিষ্ট)	৩২৭৫/-	৩১৭৫/-	৩৭৭৫/-	--
ব্যবস্থাপনা/হিসাববিজ্ঞান (৪ পত্রবিশিষ্ট)	৩৫৭৫/-	৩৪৭৫/-	৪০৭৫/-	--
উদ্ভিদবিজ্ঞান/প্রাণিবিদ্যা (৭ পত্রবিশিষ্ট)	৪৫৫০/-	৪৪৫০/-	৫০৫০/-	--
পদার্থবিজ্ঞান/গণিত (৭½ পত্রবিশিষ্ট)	৪৩৭৫/-	৪২৭৫/-	৪৮৭৫/-	--
১ পত্র বিশিষ্ট (বিএ/বিএসএস/বিবিএ/বিএসসি- ব্যবহারিক ছাড়া)	--	--	--	১৪০০/-
১ পত্র বিশিষ্ট (বিএসসি- ব্যবহারিক সহ)	--	--	--	১৮২৫/-
২ পত্র বিশিষ্ট (বিএ/বিএসএস/বিবিএ/বিএসসি- ব্যবহারিক ছাড়া)	--	--	--	১৭০০/-
২ পত্র বিশিষ্ট (বিএসসি- ব্যবহারিক সহ)	--	--	--	২২৫০/-
২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের এক বা একাধিক কোর্সে "F" গ্রেড প্রাপ্ত	জাতীয় বিশ্ববিদ্যালয়ের সর্বসাকল্যে পরীক্ষা ফি ৫,০০০/- ও কলেজ প্রাপ্য ফি			
C. Promoted	জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফি, অন্তর্ভুক্তি ফি ও কলেজ প্রাপ্য ফি			

(প্রফেসর মোহাম্মদ নাসিমুল হক)

অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ

রাঙ্গামাটি পার্বত্য জেলা

বিতরণ:

- ১। বিভাগীয় প্রধান ----- (সকল বিভাগ), রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি।
তাকে আদায়কৃত ফি আগামী ১১/০৬/২০২৫ খ্রি. তারিখের মধ্যে হিসাব শাখায় জমাদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো;
- ২। ক্যাশিয়ার/হিসাব সহকারী, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ৩। ডাটা এন্ট্রি অপারেটর, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি। তাকে বিজ্ঞপ্তিটি কলেজের ওয়েবসাইটে প্রচার করার জন্য নির্দেশ দেয়া গেল;
- ৪। সংরক্ষণ নথি।